

🗏 নূহ | Nuh | نُوح

আয়াতঃ ৭১:১

আরবি মূল আয়াত:

إِنَّا أَرسَلْنَا نُوحًا إِلَى قَومِهِ أَن أَنذِر قَومَكَ مِن قَبلِ أَن يَّاتِيَهُم عَذَابٌ ٱلِيمٌ

নিশ্চয় আমি নূহকে পাঠিয়েছিলাম তার কওমের কাছে (এ কথা বলে), 'তোমার কওমকে সতর্ক কর, তাদের নিকট যন্ত্রণাদায়ক আযাব আসার পূর্বে'। — আল-বায়ান

আমি নূহকে তার জাতির কাছে পাঠিয়েছিলাম (এই নির্দেশ দিয়ে) যে, তুমি তোমার জাতিকে সতর্ক কর তাদের কাছে মর্মান্তিক 'আযাব আসার পূর্বে। — তাইসিরুল

নূহকে আমি প্রেরণ করেছিলাম তার সম্প্রদায়ের প্রতি এই নির্দেশসহঃ তুমি তোমার সম্প্রদায়কে সতর্ক কর তাদের প্রতি শান্তি আসার পূর্বে। — মুজিবুর রহমান

Indeed, We sent Noah to his people, [saying], "Warn your people before there comes to them a painful punishment." — Sahih International

১. নিশ্চয় আমরা নৃহকে পাঠিয়েছিলাম তার সম্প্রদায়ের প্রতি এ নির্দেশসহ যে, আপনি আপনার সম্প্রদায়কে সতর্ক করুন তাদের প্রতি যন্ত্রণাদায়ক শাস্তি আসার আগে।

তাফসীরে জাকারিয়া

- (১) নিশ্চয় আমি নূহকে তার সম্প্রদায়ের নিকট[1] প্রেরণ করেছিলাম (এই নির্দেশ সহ যে,) তুমি তোমার সম্প্রদায়কে সতর্ক কর তাদের উপর যন্ত্রণাদায়ক শাস্তি আসার পূর্বে। [2]
 - [1] নৃহ (আঃ) একজন উচ্চ মর্যাদাসম্পন্ন পয়গম্বর ছিলেন। সহীহ মুসলিম প্রভৃতি হাদীসগ্রন্থে বর্ণিত শাফাআ'ত সম্পর্কিত হাদীসে এসেছে যে, তিনি হলেন প্রথম রসূল। এও বলা হয় যে, তাঁরই সম্প্রদায় হতে শিরকের উৎপত্তি হয়েছে। এই জন্য মহান আল্লাহ তাঁকে তাঁর সম্প্রদায়ের হিদায়াতের জন্য প্রেরণ করেন।
 - [2] অর্থাৎ, কিয়ামতে অথবা দুনিয়াতে আযাব আসার পূর্বে। যেমন, এই সম্প্রদায়ের উপর তুফান এসেছিল।



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5420

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন